

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং: স্বাঃঅধিঃ/হাসঃ/ DGHS/2019/ ৬২০০

তারিখ: ০৩.১০.২০১৯খ্রি.


**বিষয়: জেলা হাসপাতালে ফিস্টুলা কর্নার চালু করা প্রসঙ্গে**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রসবজনিত ফিস্টুলা একটি স্পর্শকাতর নারী স্বাস্থ্য সমস্যা। বর্তমানে বাংলাদেশে প্রসবজনিত ফিস্টুলার সংখ্যা কমলেও এখনো দেশ সম্পূর্ণরূপে ফিস্টুলা মুক্ত হয়নি। বাংলাদেশ সরকার ২০৩০ সালের মধ্যে দেশ থেকে প্রসবজনিত ফিস্টুলা নির্মূল ও সকল মহিলাজনিত ফিস্টুলা রোগীদের স্বাস্থ্য সেবা ব্যবস্থার আওতায় আনতে বদ্ধপরিকর। সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রসবজনিত ফিস্টুলা সম্পর্কিত ২য় জাতীয় কর্ম কৌশল প্রকাশ করেছে, যা ২০১৭-২০২২ মেয়াদের মধ্যে বাস্তবায়িত হবে। এই জাতীয় কৌশলপত্রে ছয়টি কৌশলগত দিকনির্দেশনা সন্নিবেশিত, যার অন্যতম হল ফিস্টুলা চিকিৎসা সেবার উন্নয়ন করা ও সেবার মানের দিকে নজর দেয়া, পাশাপাশি ফিস্টুলা তথ্য উপাত্ত ও প্রতিবেদন সঠিকভাবে উপস্থাপন করা। এর-ই অংশ হিসাবে, আপনার জেলা হাসপাতালে একটি ফিস্টুলা কর্নার চালু করার বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে নিম্নলিখিত বিষয়গুলো যা অবশ্যই অনুসরণ করতে হবে।

- অন্তঃবিভাগের এক পাশে অন্তত ১টি/২টি বিছানা ফিস্টুলা রোগীদের জন্য সংরক্ষিত থাকতে হবে
- একজন নির্ধারিত ক্লিনিক্যালি প্রশিক্ষিত সেবাদানকারী এই কর্নার এর দায়িত্বে থাকবে (সিনিয়র স্টাফ নার্স /ডিল্লোমা মিড ওয়াইফ
- গোপনীয়তা অবশ্যই রক্ষা করতে হবে
- বাধাহীন প্রসবের ক্ষেত্রে শুরুতেই প্রাথমিক এবং উপযুক্ত ক্যাথেটারাইজেশন নিশ্চিত করতে হবে
- ফিস্টুলা রোগ নির্ণয় নিশ্চিত করতে হবে
- ফিস্টুলা তথ্য উপাত্ত ও প্রতিবেদন সঠিকভাবে সংগ্রহ করে এর মাসিক রিপোর্ট শীট-২ তে লিপিবদ্ধ করতে হবে
- ফিস্টুলায় আক্রান্ত নারীদের যথোপযুক্ত প্রতিষ্ঠানে রেফার করতে হবে
- হাসপাতালে আসা রুগী ও তার পরিবারের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে

উপরোক্ত বৈশিষ্ট্য গুলি ফিস্টুলা চিকিৎসার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এমতাবস্থায় আপনার নিয়ন্ত্রনাধীন জেলা হাসপাতালে একটি ফিস্টুলা কর্নার আগামী এক মাসের মধ্যে চালু করার জন্য অনুরোধ করা হলো ও চালু হওয়ার প্রতিবেদন পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক বরাবর পাঠাতে জন্য অনুরোধ জানানো হলো। যারা ইতিমধ্যে ফিস্টুলা কর্নার চালু করেছেন, তাদের জন্য বর্ণিত শর্তগুলো প্রযোজ্য হবে।

ফিস্টুলা কর্নার চালু করা ও প্রসবজনিত ফিস্টুলা নির্মূলে সর্বাঙ্গিক সহযোগিতা করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

  
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক, হাসপাতাল এবং ক্লিনিক সমূহ  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫১ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

**বিতরণঃ**

১। পরিচালক/তত্ত্বাবধায়ক----- (সকল) জেলা হাসপাতাল

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো : ( পদেরক্রম অনুযায়ী নয় )

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। (দৃষ্টি আকর্ষণ; সহ পরিচালক কো-অর্ডিনেশন) /
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ; সহ পরিচালক কো-অর্ডিনেশন)।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। লাইন ডিরেক্টর, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ৬। পরিচালক, এমসিএইচ সার্ভিসেস ও লাইন ডাইরেক্টর-এমসিআরএইচ। পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
- ৬। উপ পরিচালক- স্বাস্থ্য অধিদপ্তর এবং প্রোগ্রাম ম্যানেজার, মেটরনাল হেলথ, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- ৭। ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (ইওসি), মেটরনাল হেলথ, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। চীফ, হেলথ, ইউএনএফপিএ, বাংলাদেশ।